

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৯৪-আইন/২০২০/১০৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, section 13 এর সহিত পঠিতব্য উদ্দেশ্য পূরণকল্পে এবং এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার পরিশিষ্ট-২ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট-২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-২

[বিধি ৫ দ্রষ্টব্য]

লাইসেন্সের জন্য প্রয়োজনীয় শর্তাবলি ও আবশ্যিকীয় দলিলাদি

ক্রমিক নং	বিবরণ
১.	যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন।
২.	BIDA/BSCIC/যথাযথ কর্তৃপক্ষের রেজিস্ট্রেশন সনদপত্র।
৩.	কোম্পানির টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি ১০বি) এর সার্টিফাইড কপি
৪.	হালনাগাদ ট্রেড লাইসেন্স।
৫.	হালনাগাদ ফায়ার লাইসেন্স।
৬.	মূল্য সংযোজন কর সনদপত্র।
৭.	সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র।
৮.	প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ৩ (তিন) শত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল।
৯.	বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
১০.	জয়েন্ট স্টক কোম্পানির মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর ১টি করে মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে)।
১১.	মেশিনারি আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি।
১২.	প্রস্তাবিত বন্ডেড ওয়্যারহাউসের ২ (দুই) কপি নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতীক্ষাকরিত।
১৩.	কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র।

১৪.	ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মানিয়া চলার অঙ্গীকারসহ ৩ (তিন) শত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা।
১৫.	কারখানার চতুর্দিকে নিরাপত্তা বেস্টনি এবং একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গুপ অব ইন্ডাস্ট্রিজে স্থাপিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে একই ধরনের নিরাপত্তা বেস্টনি থাকিবার নকশা যা সাটিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতীক্ষাকরিত হইতে হইবে।
১৬.	কারখানার ভিতরে অবস্থিত কাঁচামাল ও ফিনিশড গুডস এর জন্য নির্ধারিত ওয়ারহাউস আন্তর্জাতিক মানসম্পন্ন হইতে হইবে। অর্থাৎ বন্ডেড কাঁচামালের জন্য নির্ধারিত ওয়ারহাউসের ভিতরে কোন ইউটিলিটি সংযোগ বা ইলেকট্রিক্যাল ওয়ারা থাকিবে না এবং ওয়ারহাউসের ভিতরে পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের ব্যবস্থা থাকিবে।
১৭.	গুদামসহ প্রতিষ্ঠানের আয়তন ন্যূনতম ৫ (পাঁচ) হাজার বর্গফুট হইতে হইবে।
১৮.	প্রতিষ্ঠান যদি ভাড়াকৃত স্থানে স্থাপিত হয় সেক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের ভাড়ার চুক্তি দাখিল করিতে হইবে এবং উক্ত স্থানে ইতোপূর্বে কোন বন্ড প্রতিষ্ঠান ছিলো কিনা তাহা ভাড়া প্রদানকারী কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে।
১৯.	প্রতিষ্ঠানের নিজস্ব নামে জ্বালানি সংযোগ থাকিতে হইবে তবে একই হোল্ডিং এ একাধিক প্রতিষ্ঠান হইলে সাব-মিটার হইতে পারিবে।
২০.	আবেদনকারী যদি উৎপাদন কার্যক্রমের জন্য স্থানীয় উৎস হইতে পূর্বে আমদানিকৃত ও ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহ করিয়া থাকে, তাহা হইলে তাহার আয়ুষ্কাল নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক সার্ভেয়ার প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ১০ (দশ) বৎসর কর্মক্ষম থাকিবে এই মর্মে Life Span Certificate সংগ্রহপূর্বক আবেদনের সহিত দাখিল করিতে হইবে। এছাড়া, উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধের দালিলিক প্রমাণাদি, মেশিনের আমদানি সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিস্ট দাখিল করিতে হইবে এবং মেশিনারীজের ন্যূনতম মূল্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকা হইতে হইবে।
২১.	প্রতিষ্ঠানের এসোসিয়েট সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিতে হইবে। ব্যাখ্যা:- এসোসিয়েট অর্থ Excises and Salt Act, 1994 এর section 2(aa) তে সংজ্ঞায়িত এসোসিয়েট।
২২.	প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ (দেশে অবস্থান করুন বা না করুন) এর করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) ও Private Investor (PI) Visa দাখিল করিতে হইবে।
২৩.	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন ন্যূনতম ১ (এক) কোটি টাকা এবং একক/অংশীদারী মালিকানার ক্ষেত্রে ন্যূনতম টার্নওভার ৩০ (ত্রিশ) লক্ষ টাকা হইতে হইবে।

২। ৩ জুন, ২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৩৬-আইন/ ২০২০/৮৭/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান।